



# বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)

BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)

সভাপতি  
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব  
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

স্মারক নং: বিএমএ/২০২০/

তারিখ: ১১-০১-২০২০ খ্রিঃ



## শোক বার্তা

“বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর আজীবন সদস্য ও বিএমএ বাগেরহাট শাখার সভাপতি বীর মুক্তিযোদ্ধা ডা. মোজাম্মেল হোসেন এমপি এর মৃত্যুতে বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী গভীর শোক প্রকাশ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি ১০ জানুয়ারি ২০২০ খ্রিঃ তারিখ শুক্রবার আনুমানিক দুপুর ১২:৪৫ টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে মরহুমের বয়স হয়েছিল প্রায় ৮০ বছর। তিনি এক পুত্র, নাতি-নাতনি, পরিবার-পরিজন, শুভানুধ্যায়ীসহ সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

ডা. মোজাম্মেল হোসেন বাংলাদেশ জাতীয় সংসদে বাগেরহাট-৪ সংসদীয় আসনের সংসদ সদস্য এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সাবেক প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন।

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন ডা. মোজাম্মেল হোসেন এমপি এর বিদেহী আত্মার মাগফিরাত কামনা ও শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

বরাবর

বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক

জনাব,

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ টেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধসহ শোক বার্তাটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

ডা. মোহাঃ শেখ শহীদ উল্লাহ

দপ্তর সম্পাদক

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন